

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফ্লাইদুবাইয়ের সাহসী ভারতীয় পাইলট ক্যাপ্টেন স্মিত মাচ্ছারের সঙ্গে কথা বলেছেন। গত বুধবার দুবাই থেকে তেল আবিবগামী ফ্লাইদুবাইয়ের একটি বিমানে কো-পাইলটের আক্রমণ প্রতিহত করে তিনি ১৮০ জনের জীবন বাঁচিয়েছিলেন। কথা বলার সময় ক্যাপ্টেন মাচ্ছার প্রধানমন্ত্রীকে তাঁর অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ দেন, এবং সেই ঘটনায় কী তাঁকে সাহস জুগিয়েছিল, সে বিষয়ে কথা বলেন। তাঁর সাহসিকতার প্রশংসা করে, দ্রুত আরোগ্য কামনা করেন প্রধানমন্ত্রী মোদী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ক্যাপ্টেন স্মিত মাচ্ছারকে ছুরিকাঘাতের অভিযোগে অভিযুক্ত কো-পাইলটকে আবুধাবিতে নিয়ে যাওয়া হয়েছে। সৌদি স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, চিকিৎসাগত ছাড়পত্র পাওয়ার পর উভয় পাইলট আবুধাবি গেছেন। আবুধাবিতে অবস্থিত ভারতীয় দূতাবাস গতকাল জানিয়েছিল, ক্যাপ্টেন মাচ্ছারকে সংযুক্ত আরব আমিরশাহীতে নিয়ে আসা হয়েছে এবং তিনি সুস্থ হয়ে উঠছেন।

উল্লেখ্য, ১৭৪ জন যাত্রী ও ৮ সদস্যের ত্রু-সহ বিমানটি বুধবার সকাল ৯ টা ৪৫ মিনিটে তাবুকের প্রিন্স সুলতান বিন আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে নিরাপদে অবতরণ করে এবং তাদের সবাইকে প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৭তম জন্মবার্ষিকীতে উপলক্ষ্যে সমগ্র দেশ আজ তাঁকে শ্রদ্ধা জানাচ্ছে।

ইনসার্ট

দেশজুড়ে এবং বিদেশে অবস্থিত ভারতীয় মিশনগুলোর উদ্যোগে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ সকালে রাষ্ট্রপতি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার স্পিকার ওম বিড়লা তাঁর সমাধিস্থল 'রাজঘাট'-এ তাঁর স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন।

প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর আজ ১২২তম জন্মবার্ষিকীতে জাতি তাঁকে শ্রদ্ধা জানাচ্ছে। ১৯০৪ সালের ২রা অক্টোবর উত্তরপ্রদেশের পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় নগর পূর্বতন মুঘলসরাই তে তিনি জন্মগ্রহণ করেন। কৈশোরেই তিনি ভারতের স্বাধীনতা সংগ্রামে যোগ দেন এবং ১৯২১ সালে অসহযোগ আন্দোলনে অংশগ্রহণ করেন। স্বাধীনতার পর শাস্ত্রী উত্তরপ্রদেশ এবং পরবর্তীতে কেন্দ্রীয় সরকারে বেশ কিছু গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার স্পিকার ওম বিড়লা এবং কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, জে পি নাড্ডা, কিরেন রিজিজু, অর্জুন রাম মেঘওয়াল, জিতেন্দ্র সিং ও এল মুরুগান আজ নতুনদিল্লির সংবিধান সদনে মহাত্মা গান্ধী ও লাল বাহাদুর শাস্ত্রীর প্রতি পুষ্পার্ঘ্য নিবেদন করেন। এছাড়াও বিজেপি সভাপতি নীতিন নবীন, কংগ্রেস সভাপতি ও রাজ্যসভায় বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে, লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধীসহ অন্যান্য সাংসদ, সংসদের উচ্চপদস্থ আধিকারিক এবং স্কুল শিক্ষার্থীরাও শ্রদ্ধা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

গান্ধী জয়ন্তী উপলক্ষে আজ সারা দেশে বিশেষ গ্রামসভা আহ্বান করা হয়েছে। এই সভাগুলিতে শাসনব্যবস্থায় পরিবর্তনমূলক সংস্কার এবং এমন সব উদ্যোগ নিয়ে আলোচনা করা হবে, যার লক্ষ্য হলো পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করা, জনসেবার

মানোন্নয়ন এবং গ্রামীণ ভারতের মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি করা। গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, এই বিশেষ গ্রাম সভাগুলির মাধ্যমেই ‘পিপলস প্ল্যান ক্যাম্পেইন-PPC ২০২৬-২৭’ বা ‘সবকি যোজনা, সবকা বিকাশ’-এর সূচনা হবে। এই অভিযানের আওতায় গ্রাম পঞ্চায়েতগুলি অংশগ্রহণমূলক ও তথ্য-প্রমাণ-ভিত্তিক পরিকল্পনার মাধ্যমে ২০২৭-২৮ অর্থবর্ষের জন্য তাদের ‘গ্রাম পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা’ প্রস্তুত করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী আজ মহাত্মা গান্ধী এবং প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর জন্মবার্ষিকী উপলক্ষে সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

কানাডার আন্তর্জাতিক বাণিজ্যমন্ত্রী মনিন্দর সিধু বলেছেন, ভারতের অর্থনৈতিক উন্নয়নে কানাডা পূর্ণ সমর্থন করবে। মহাকাশ যান, বিরল খনিজ এবং শক্তি ক্ষেত্রে কানাডা ভারতের সঙ্গে গভীর সহযোগিতা করতে আগ্রহী বলে তিনি জানান। মিলাউকিতে জি২০ বাণিজ্য মন্ত্রীদের সম্মেলনের ফাঁকে শ্রী সিধু বলেন, ভারতের ভারতে ক্রমবর্ধমান শক্তির চাহিদা এবং বহুমুখী সরবরাহ শৃঙ্খল, উভয় দেশের সামনে বিরাট সুযোগ সৃষ্টি করেছে। তিনি বলেন আগামী ৫ বছরের মধ্যে ভারত ও কানাডার মধ্যে বাণিজ্য ৩০ বিলিয়ন ডলার থেকে বেড়ে ৭০ বিলিয়ন ডলারে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তিনি বলেন, কানাডা ভারতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এবং বিরল খনিজ রপ্তানির পাশাপাশি বৈদ্যুতিন গাড়ি এবং ব্যাটারী সরবরাহে আগ্রহী।

০০০০০০০০০০০০০০০০০০০০

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে পাথেয় করে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় এবং ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য পূরণে নিরলসভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্র। এই ধারাবাহিকতায় শুরু হয়েছে বিশেষ সিরিজ সেবা সংকল্প অভিযান। আজকের বিষয় নকশাল মুক্ত ভারত। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল মার্কিন যুক্তরাষ্ট্রের মিলওয়াকিতে জি-২০ বাণিজ্যমন্ত্রীদের বৈঠকের ফাঁকে ফ্রান্স, কানাডা, সৌদি আরব এবং দক্ষিণ কোরিয়ার সংশ্লিষ্ট মন্ত্রীদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠকে সংশ্লিষ্ট দেশগুলির সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক জোরদার করার ওপর গুরুত্ব দেওয়া হয়।

ফ্রান্সের বৈদেশিক বাণিজ্য বিষয়ক মন্ত্রী নিকোলাস ফোরিসিয়ারের সঙ্গে বৈঠকে শ্রী গোয়েল বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্কের সম্প্রসারণ, ভারত-ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তি ত্বরান্বিত করা এবং মহাকাশযান ও বিমান নির্মাণ , ইউপিআই (UPI) সংযোগ ও যৌথ উদ্ভাবনী উদ্যোগের মতো ক্ষেত্রগুলিতে সহযোগিতা বৃদ্ধির উপায় নিয়ে আলোচনা করেন।

এর পাশাপাশি শ্রী গোয়েল কানাডার আন্তর্জাতিক বাণিজ্যমন্ত্রী মনিন্দর সিধুর সঙ্গে 'ভারত-কানাডা কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট' (CEPA)-এর বিষয়ে চলতি আলোচনার পর্যালোচনা করেন।

সৌদি আরবের বাণিজ্যমন্ত্রী মজিদ বিন আবদুল্লাহ আল-কাসাবির সঙ্গে তিনি 'ভারত-গালফ কো-অপারেশন কাউন্সিল (GCC)' মুক্ত বাণিজ্য চুক্তি'-র অগ্রগতি নিয়ে কথা বলেন এছাড়া দক্ষিণ কোরিয়ার বাণিজ্যমন্ত্রী পার্ক জং-সুং-এর সঙ্গেও বিভিন্ন বিষয়ে বৈঠক করেন শ্রী পীযুষ গোয়েল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহারাষ্ট্রের অমরাবতী জেলার ধামনগাঁও রেল স্টেশনের কাছে নাগপুর-মুম্বাই সমৃদ্ধি এক্সপ্রেসওয়েতে একটি ট্রাক ও টেম্পোর সংঘর্ষে অন্তত ৫ জন প্রাণ হারিয়েছেন। আহত ২১ জন। একটি টেম্পো করে আজ ভোররাতে কয়েকজন দুর্গা প্রতিমা নিয়ে শেগাঁও থেকে ওয়ার্ধার দিকে যাচ্ছিলেন; সেই সময় একটি ট্রাকের সঙ্গে সেটির সংঘর্ষ হয়। আহতদের প্রথমে ধামনগাঁও গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে তাদের কয়েকজনকে উন্নত চিকিৎসার জন্য ওয়ার্ধার মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দিল্লি মেট্রো রেল কর্পোরেশন_DMRC পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জাতীয় রাজধানী অঞ্চলের ১২টি মেট্রো স্টেশন বন্ধ রেখেছে। বন্ধ রাখা স্টেশনগুলো হল জনপথ, প্যাটেল চক, সেন্ট্রাল সেক্রেটারিয়েট, রাজীব চক, সেবা তীর্থ, মান্ডি হাউস, লোক কল্যাণ মার্গ, আইএনএ (INA), চাউরি বাজার, রামকৃষ্ণ আশ্রম মার্গ, বারাখাম্বা রোড এবং নতুন দিল্লি স্টেশন। তবে রাজীব চক, মান্ডি হাউস, আইএনএ, নতুন দিল্লি এবং সেন্ট্রাল সেক্রেটারিয়েট স্টেশনে লাইন পরিবর্তনের সুবিধা চালু থাকবে বলে তারা জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

'স্বচ্ছ ভারত দিবস' উপলক্ষে প্রেস ইনফরমেশন ব্যুরো কলকাতার কর্মীরা পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতা র্যালিতে অংশগ্রহণ করেন এবং এক পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর ও শক্তিশালী ভারত গড়ার লক্ষ্যে নিজেদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

উল্লেখ্য এই র্যালিতে পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তোলা সহ 'স্বচ্ছ ভারত'-এর চেতনাকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সম্মিলিত দায়িত্ববোধ ও জনগণের সক্রিয় অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরা হয়। পাশাপাশি স্বচ্ছতা হি সেবা কর্মসূচির অংশ হিসেবে পিআইবি-র পূর্বাঞ্চলের মহানির্দেশক টি. ভি. কে. রেড্ডি পরিচ্ছন্নতা বজায় রাখার ক্ষেত্রে 'সাফাই মিত্র'-কর্মীদের নিষ্ঠাপূর্ণ প্রচেষ্টার স্বীকৃতি ও কৃতজ্ঞতাস্বরূপ উপহার প্রদান করে তাঁদের প্রতি ধন্যবাদ ও প্রশংসা জ্ঞাপন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের আবহাওয়া দপ্তর আজ অরুণাচল প্রদেশে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। পাশাপাশি আগামীকাল পর্যন্ত হিমালয়-সংলগ্ন পশ্চিমবঙ্গ, অন্ধ্র প্রদেশ, কেরালা, মাহে, এবং সিকিমে বজ্রবিদ্যুৎ সহ ঝড়ের সম্ভাবনার আছে বলেও জানিয়েছে তারা।

অন্যদিকে আগামী ২৪ ঘণ্টার মধ্যে পাঞ্জাব, হরিয়ানা, রাজস্থান ও উত্তর প্রদেশের অবশিষ্ট অংশ এবং গুজরাট ও মধ্য প্রদেশের অধিকাংশ এলাকা থেকে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু আরও সরে যাওয়ায় ওই সব রাজ্যে অনুকূল পরিস্থিতি তৈরি হতে পারে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রোমাঞ্চকর এক ফাইনালে আজ বিশ্ব চ্যাম্পিয়ন দক্ষিণ কোরিয়াকে ৫-৩ ব্যবধানে হারিয়ে ভারতের মহিলা রিকার্ড তীরন্দাজ দল এশিয়ান গেমসে নিজেদের প্রথম স্বর্ণপদক জিতে ইতিহাস গড়েছে। অংকিতা ভকত, কীর্তি শর্মা ও কুমকুম মোহোদ ১০ বারের অলিম্পিক চ্যাম্পিয়নদের পরাজিত করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বক্সিংয়ে, মহিলাদের ৭৫ কেজি বিভাগে, চীনের বাও জিয়িকে ফাইনালে ৫-০ ব্যবধানে হারিয়ে লাভলিনা বরগোঁহাই একটি স্বর্ণপদক জয় করেছেন। মিক্সড রিকার্ড দলগত তীরন্দাজিতে ভারত একটি রূপো পেয়েছে। সেইলিং বা নৌ-চালনা ইভেন্টে, নেত্রা কুমানন মহিলাদের ডিঙ্গি ইভেন্টে ব্রোঞ্জ পদক পেয়েছেন। এর ফলে পদক তালিকায় ভারত সামগ্রিকভাবে ষষ্ঠ স্থানে উঠে এসেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত ও ব্রাজিলের মধ্যে ঐতিহাসিক ফুটবল ম্যাচ খেলতে পাঁচবারের বিশ্বকাপ জয়ী ব্রাজিল দল গতরাতে কলকাতায় এসে পৌঁছেছে। যুবভারতী ক্রীড়াঙ্গণে আগামীকাল সন্ধ্যে সাতটায় ব্রাজিল, ভারতের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রীতি ম্যাচ খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০